46

দৈনিক ইনকিলাব

তারিখ 02 JUL 1997
পৃষ্ঠা 7 কলাম 3

### ছাত্রলীগের ধর্মঘট অব্যাহত

## ইসলামী বিশ্বঃ অচলাবস্থা ক্যাম্পাসে ভিসিকে অবাঞ্ছিত ঘোষণা ঃ কুষ্টিয়ার বাসায় তালা

ইসলামী বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ছাত্রলীগের (শা-পা) লাগাতার ধর্মঘটে, ইসলামী বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা বিরাজ করছে। ইঃ বিঃ-এর বর্তমান ভাইস চ্যান্সেলর প্রফেসর মোঃ ইনাম-উল-হকের বিরুদ্ধে দুর্নীতি, স্বজনপ্রীতি, অনিয়ম, অর্থ আত্মসাতের অভিযোগ এনে তার পদত্যাগের দাবীতে ছাত্রলীগ গত ২৬ জুন অনির্দিষ্টকালের জন্য ধর্মঘটের ডাক দেয়। সেই থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়ে যাবতীয় একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম বন্ধ রয়েছে। ছাত্রলীগ বর্তমান ভাইস চ্যান্সেলরকে অবাঞ্ছিত ঘোষণা করেছে। গতকাল (মঙ্গলবার) ছাত্রলীগ কর্মীরা ভাইস চ্যান্সেলরের কুষ্টিয়াস্থ

২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## ইসলামী বিশ্বঃ

প্রথম পৃষ্ঠার পর

বাসভবনে তালা ঝুলিয়ে দিয়েছে। এদিকে ভিসির কার্যালয়েও

গত ২৬ জুন হতে তালা ঝুলছে। ভার্সিটির নিজস্ব পরিবহন বন্ধ থাকায় তৃতীয় দিনের মত গতকাল কোন শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী ক্যাম্পাসে আসেনি। ছাত্র লীগের এই কর্মসূচীর কারণে সাধারণ ছাত্র-ছাত্রীদের মাঝে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা চলতে থাকলে সেশনজট আরো তীব্র আকার ধারণ করবে- এই আশংকায় ছাত্র-ছাত্রীরা দিন কাটাচ্ছে। ধর্মঘটের সমর্থনে ছাত্র লীগ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, পিকেটিং এবং সমাবেশ চালিয়ে যাচ্ছে। এদিকে

জাতীয়তাবাদী ছাত্রদল গত ২৬ জুন ভিসি অফিস ভাংচুরকারী সন্ত্রাসীদের বিচার, লিটন-আমিনের আহতকারীদের বহিষ্কার এবং অবৈধ নিয়োগ বাতিলের দাবী জানিয়েছে। এসব দাবী মেনে নেয়া না হলে আগামী ৭ জুলাই হতে বৃহত্তর কর্মসূচী ঘোষণা করা হবে বলে ছাত্রদল ঘোষণা করেছে। গতকাল ছাত্রশিবিরও বর্তমান ভিসির দুর্নীতি, অনিয়ম, দলীয়করণের বিচারের দাবীতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।